



জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/অংশ-০৪/২০১৪/১০২৫

তারিখঃ ২৪ ফেব্রুয়ারি, ২০২৬

বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'বৃত্তি নীতিমালা-২০১৩'-এর প্রেক্ষিতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত অধ্যয়নরত ০৫(পাঁচ) টি ব্যাচের (স্নাতক ০৪ টি ব্যাচ এবং স্নাতকোত্তর ০১ টি ব্যাচ) শিক্ষার্থীদের "মেধাবৃত্তি ও অবৈতনিক অধ্যয়ন"-এর সুযোগ প্রদানের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

শিক্ষার্থীরা Student Portal -এ <https://student.erp.jnu.ac.bd> -লিংকে প্রবেশ করে সংযুক্ত বৃত্তি ফরম অনুযায়ী তথ্য পূরণ করে সংশ্লিষ্ট বিভাগে আগামী ২৫/০২/২০২৬ থেকে ০৯/০৩/২০২৬ তারিখের মধ্যে ডাউনলোডকৃত ফরম জমা দিবেন।

প্রতিটি বিভাগ জমাকৃত আবেদন সমূহ 'বৃত্তির নীতিমালা-২০১৩' মোতাবেক বিভাগীয় একাডেমিক কমিটির মতামতসহ আবেদন ফরম-এর দ্বিতীয় অংশ পূরণ করে পরীক্ষা নিয়ন্ত্রক-এর দপ্তরে ০৯/০৪/২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করবেন।

আবেদন ফরম এর তৃতীয় অংশে ফলাফল যাচাই পূর্বক পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর আগামী ১৬/০৪/২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার দপ্তরে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, "বৃত্তি নীতিমালা-২০১৩" অনুযায়ী প্রত্যেক বিভাগ হতে প্রতি শিক্ষাবর্ষে ০৩(তিন) জন শিক্ষার্থীকে মেধাবৃত্তি এবং এক শিক্ষাবর্ষের জন্য বিনা বেতনে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের সুযোগ প্রদান করা হবে। মেধাবৃত্তি ছাড়াও প্রত্যেক বিভাগে প্রতি শিক্ষাবর্ষে মোট শিক্ষার্থীর ১০% (শতকরা দশজন) অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীকে অবৈতনিক অধ্যয়নের সুযোগ প্রদান করা হবে। এক্ষেত্রে প্রতিবছরী শিক্ষার্থীরা বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

আরো উল্লেখ্য যে, সংশ্লিষ্ট বিভাগ সমূহকে মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদের (মেধাবৃত্তি ও অবৈতনিক অধ্যয়ন) তালিকা নিম্ন ছক মোতাবেক প্রস্তুত করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে তার হার্ড কপি এবং সফট কপি জরুরী ভিত্তিতে ই-মেইল (masudalam830@gmail.com)-এ প্রেরণ করার অনুরোধসহ উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইনস্টিটিউট/বিভাগকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

ছক: (SutonnyMJ fonts-এ ছক পূরণীয়)

ক) মেধাবৃত্তি (স্নাতক-স্নাতকোত্তর): "বৃত্তি নীতিমালা-২০১৩" মোতাবেক প্রত্যেক বিভাগে প্রতি শিক্ষাবর্ষে ০৩ (তিন) জন শিক্ষার্থী।


ক্রম.	শিক্ষার্থীদের নাম	আইডি নম্বর	শিক্ষাবর্ষ	সর্বশেষ পরীক্ষার নাম	ফলাফল	কমিটির মতামত

খ) অবৈতনিক অধ্যয়ন (স্নাতক-স্নাতকোত্তর): প্রতি শিক্ষাবর্ষে মোট শিক্ষার্থীদের ১০% (শতকরা দশজন) অসচ্ছল মেধাবী শিক্ষার্থী।

ক্রম.	শিক্ষার্থীদের নাম	আইডি নম্বর	শিক্ষাবর্ষ	সর্বশেষ পরীক্ষার নাম	ফলাফল	কমিটির মতামত

বিঃ দ্রঃ শিক্ষাবোর্ড কর্তৃক বৃত্তি প্রাপ্ত এবং পুনঃভর্তিকৃত শিক্ষার্থীগণ উক্ত বৃত্তির জন্য আবেদন করার সুযোগ নেই।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,


24/02/2026
(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

তারিখঃ ২৪ ফেব্রুয়ারি, ২০২৬

সংযুক্তি : নির্ধারিত আবেদন ফরম-এর Online কপি।

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/অংশ-০৪/২০১৪/১০২৫

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১-০৭. ডিন, সকল অনুষদ, জবি;

০৮-০৯. পরিচালক, আই.ই.আর/আই.এম.এল, জবি (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ);

১০-৪৭. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ);

৪৮. প্রভোস্ট (নওয়াব ফয়জুল্লাহ সা চৌধুরানী হল/ছাত্র হল-১), জবি;

৪৯-৫১. পরিচালক (অর্থ ও হিসাব/পিআরআইপি/ছাত্র কল্যাণ), জবি;

৫২. পরিচালক, আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি;


৫৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;

৫৪-৫৬. সম্পাদক/প্লাটিন কমান্ডার/রেঞ্জার গাইডার, প্রতিরক্ষা বৃত্তি (রোভার স্কাউট, বিএনসিসি ও রেঞ্জার ইউনিট), জবি (পূর্বের ধারাবাহিকতায় শিক্ষার্থীদের অবহিতকরণ এবং নামের তালিকা উপরোক্ত ছক মোতাবেক প্রেরণের অনুরোধসহ);

৫৭. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টি ভিসি, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;

৫৮. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;

৫৯. সংরক্ষণ/অফিস কপি।


(মোহাম্মদ রাশেদ কাজী)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)।